গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

## ৬নং রানীগঞ্জ ইউনিয়ন পরিষদ কার্যালয়

উপজেলাঃ জগন্নাথপুর,জেলাঃ সুনামগঞ্জ।

ফেব্রুয়ারী-২০২২ খ্রিঃ মাসের রানীগঞ্জ ইউনিয়ন পরিষদ প্রথম সভার কার্যবিবরণীঃ

সভাপতি ঃ জনাব শেখ মোঃ ছদরুল ইসলাম ,চেয়ারম্যান, ৬নং রানীগঞ্জ ইউনিয়ন পরিষদ, জগন্নাথপুর, সুনামগঞ্জ।

সভার স্থান ঃ ইউনিয়ন পরিষদ সভাকক্ষ।

সভার তারিখ ঃ ১৩-০২-২০২২ খ্রিঃ, সকাল ১১.৩০ ঘটিকা।

### সভায় উপস্থিত সদস্যগণের নাম (স্বাক্ষরের ক্রমানুসারে)

| ক্রমিক নং | সদস্য/সদস্যাগণের নাম | পদবী | মন্তব্য |
|---|---|---|---|
| ১ | জনাব শেখ মোঃ ছদরুল ইসলাম | ইউপি চেয়ারম্যান | স্বাক্ষরিত |
| ২ | জনাব সুহেনা বেগম | ইউপি সদস্য | স্বাক্ষরিত |
| ৩ | জনাব মোছাঃইয়ারুন নেছা | ইউপি সদস্য | স্বাক্ষরিত |
| ৪ | জনাব কিবরিয়া বেগম | ইউপি সদস্য | স্বাক্ষরিত |
| ৫ | জনাব মোঃ কওছর মিয়া | ইউপি সদস্য | স্বাক্ষরিত |
| ৬ | জনাব টিপু সুলতান | ইউপি সদস্য | স্বাক্ষরিত |
| ৭ | জনাব জাকির হোসাইন | ইউপি সদস্য | স্বাক্ষরিত |
| ৮ | জনাব মোঃ তেরা মিয়া | ইউপি সদস্য | স্বাক্ষরিত |
| ৯ | জনাব মোঃ কাওছার মিয়া তালুকদার | ইউপি সদস্য | স্বাক্ষরিত |
| ১০ | জনাব মোঃ আলাই মিয়া | ইউপি সদস্য | স্বাক্ষরিত |
| ১১ | জনাব মোঃ মিলাদ মিয়া | ইউপি সদস্য | স্বাক্ষরিত |
| ১২ | জনাব মোঃ নুরুল হক | ইউপি সদস্য | স্বাক্ষরিত |
| ১৯ | জনাব মোঃ আব্দুল জলিল | ইউপি সদস্য | স্বাক্ষরিত |

**আলোচ্য সূচীঃ**

০১. প্যানেল চেয়ারম্যান গঠন।
০২. ষ্ট্যাডিং কমিটি গঠন।
০৩. ব্যাংক হিসাব পরিচালনাকারীর নাম পরিবর্তন।
০৪. ইউনিয়ন পরিষদ উন্নয়ন তহবিলের প্রকল্প গঠন।
০৫. অতিদরিদ্রের কর্মসংস্থান কর্মসূচীর ১ম কিস্তির প্রকল্প গ্রহন।
০৬. বিবিধ।

রানীগঞ্জ ইউনিয়ন পরিষদের নবনির্বাচিত চেয়ারম্যান ও সদস্যগণের আসন গ্রহণ পূর্বক পবিত্র ধর্মগ্রন্থ পাঠের মাধ্যমে সভা আরম্ভ করা হয়। সভাপতির অনুমতিক্রমে রানীগঞ্জ ইউনিয়ন পরিষদের সচিব জনাব সজীব কান্তি দাস সভা পরিচালনা করেন।

সভার শুরুতেই নবনির্বাচিত চেয়ারম্যান সাহেব নবনির্বাচিত সদস্যদের ও ইউনিয়ন পরিষদের কর্মরত কর্মচারীদের সাথে পরিচয় গ্রহণ করা হয়। নবনির্বাচিত চেয়ারম্যান জনাব শেখ মোঃ ছদরুল ইসলাম ইউনিয়ন পরিষদের বর্তমান ও ভবিষ্যৎ কার্যক্রম সুষ্ঠ সুন্দর ও জবাবদিহিতা নিশ্চিত করণে উপস্থিত সকলের সার্বিক সহযোগিতার জন্য অনুরোধ জানান এবং পরবর্তী অন্যান্য সদস্য পর্যায়ক্রমে নবনির্বাচিত চেয়ারম্যান সাহেবের বক্তব্যকে স্বাগত জানিয়ে ও সকল কার্যক্রম সার্বিক সহযোগিতার আশা ব্যক্ত করে পর্যায়ক্রমে বক্তব্য রাখেন এবং তাদের বক্তব্য করতালির মাধ্যমে শেষ হয়।

১নং আলোচ্যসুচীঃ

১নং আলোচ্য সূচির আলোকে ইউপি সচিব সভাকে জানান যে, স্থানীয় সরকার ইউনিয়ন পরিষদ আইন-২০০৯ অনুযায়ী ইউনিয়ন পরিষদের প্রথম সভায় ৩ (তিন) সদস্য বিশিষ্ট প্যানেল চেয়ারম্যান গঠনের বিধান রয়েছে। প্যানেল চেয়ারম্যান নির্বাচনের সকল নিয়মকানুন ইউপি সচিব সভায় উপস্থাপন করেন এবং এ ব্যাপারে আলোচনার প্রস্তাব করেন। ইউপি সচিবের প্রস্তাবের প্রেক্ষিতে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।

সিদ্ধান্তঃ আলোচনা ও পর্যালোচনার পর উপস্থিত সকলের মতামতের ভিত্তিতে ৪নং ওয়ার্ডের ইউপি সদস্য জনাব ৯নং ওয়ার্ডের ইউপি সদস্য জনাব মোঃ আব্দুল জলিলকে ১ম প্যানেল চেয়ারম্যান, ৭নং ওয়ার্ডের ইউপি সদস্য মো: মিলাদ মিয়া কে ২য় প্যানেল চেয়ারম্যান এবং সংরক্ষিত আসন-০২ (ওয়ার্ড নং- ০১,০২,০৩) ইউপি সদস্যা জনাবা সুহেনা বেগম কে ৩য় প্যানেল চেয়ারম্যান করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহিত হয়।

২নং আলোচ্যসূচীঃ

২নং আলোচ্য সূচির আলোকে ইউপি সচিব সভাকে জানান যে, স্থানীয় সরকার ইউনিয়ন পরিষদ আইন-২০০৯ অনুযায়ী ইউনিয়ন পরিষদে ১৩টি স্থায়ী কমিটি রয়েছে। উক্ত কমিটিগুলো আইন অনুযায়ী গঠন করার জন্য তিনি সভায় প্রস্তাব করেন প্রস্তাবের প্রেক্ষিতে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।

সিদ্ধান্তঃ আলোচনান্তে পরবর্তী মাসিক সভায় ১৩টি স্থায়ী কমিটি গঠনের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

৩নং আলোচ্যসূচীঃ

৩নং আলোচ্য সূচির আলোকে ইউপি সচিব সভাপতির অনুমতিক্রমে জানান যে, অত্র ইউনিয়ন পরিষদের হিসাব পরিচালনার জন্য বিভিন্ন ব্যাংকে নিম্নোক্ত একাউন্টগুলো রয়েছে। নিম্নোক্ত একাউন্ট গুলোর মধ্যে ০৩ (তিন) টি একাউন্ট চেয়ারম্যান, সচিব ও ইউপি সদস্যার যৌথ স্বাক্ষরে এবং অন্যান্য ০৩ (তিন) টি একাউন্টগুলো চেয়ারম্যান ও সচিব এর যৌথ স্বাক্ষরে পরিচালিত হয়। যেহেতু নতুন পরিষদ দায়িত্ব গ্রহণ করেছে, সেহেতু একাউন্টগুলোর হিসাব পরিচালনার সুবিধার্থে একাউন্ট পরিচালনাকারীদের নাম পরিবর্তন করা একান্ত প্রয়োজন। এ ব্যাপারে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।

সিদ্ধান্ত ঃ আলোচনার প্রেক্ষিতে একাউন্টগুলোর হিসাব পরিচালনাকারীদের নাম নিম্নরূপ ভাবে সিদ্ধান্ত নেওয়া হয় সর্বস্মতিক্রমে।

| ক্রমিক নং | হিসাবের নাম | হিসাব নং | ব্যাংকের নাম | বর্তমানে যাদের নামে হিসাব পরিচালিত হবে |
|---|---|---|---|---|
| ০১ | এলজিএসপি-২ | ৫৯০৬২০০০০০ | সোনালী ব্যাংক,জগন্নাথপুর শাখা | ১. শেখ মোঃ ছদরুল ইসলাম (ইউপি চেয়ারম্যান)<br>২. সজীব কান্তি দাস (ইউপি সচিব)<br>৩. মোছাঃ মোছা:ইয়ারুন নেছা (ইউপি সদস্যা, ওয়ার্ড নং- ০৪,০৫,০৬) |
| ০২ | রানীগঞ্জ বাজার ইউপি(রাজস্ব) | ০১০০০৫২৯১৯৫৫৪ | জনতা ব্যাংক,রানীগঞ্জ বাজার শাখা | ১. শেখ মোঃ ছদরুল ইসলাম (ইউপি চেয়ারম্যান)<br>২. সজীব কান্তি দাস (ইউপি সচিব) |
| ০৩ | জন্ম মৃত্যু নিবন্ধন | ০১৬৪০০১০১০২৩২ | জনতা ব্যাংক,রানীগঞ্জ বাজার শাখা | ১. শেখ মোঃ ছদরুল ইসলাম (ইউপি চেয়ারম্যান)<br>২. সজীব কান্তি দাস (ইউপি সচিব) |
| ০৪ | স্থাবর সম্পত্তি হস্তান্তর (১%) | ০২২০০২১০০০৪৯৪৩ | জনতা ব্যাংক,জগন্নাথপুর শাখা | ১. শেখ মোঃ ছদরুল ইসলাম (ইউপি চেয়ারম্যান)<br>২. সজীব কান্তি দাস (ইউপি সচিব) |
| ০৫ | রানীগঞ্জ ইউপি (হাঠবাজার) | ১৯৫৮০১০০১৬৭০৩ | রুপালী ব্যাংক,জগন্নাথপুর শাখা | ১. শেখ মোঃ ছদরুল ইসলাম (ইউপি চেয়ারম্যান)<br>২. সজীব কান্তি দাস (ইউপি সচিব) |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৬ | উন্নয়ন সহায়তা তহবিল | ৫৯০৬৩০২০০১০১৩ | সোনালী ব্যাংক,জগন্নাথপুর শাখা | ১. শেখ মোঃ ছদরুল ইসলাম (ইউপি চেয়ারম্যান)<br>২. সজীব কান্তি দাস (ইউপি সচিব) |

৪নং আলোচ্যসুচীঃ ৪নং আলোচ্য সূচির আলোকে ইউপি সচিব জানান যে, রানীগঞ্জ ইউনিয়ন পরিষদে ২০২১-২০২২ অর্থ বছরে ইউনিয়ন পরিষদ উন্নয়ন তহবিলে বিবিজি ১ম কিস্তি বাবদ ৫,৪৮,৮০০/- টাকা এবং ২য় কিস্তি বাবদ সম্ভাব্য ৫,৪৮,৮০০/- টাকা সর্বমোট ৯,৯৭,২০০/- টাকা বরাদ্দ পাওয়া যাবে। উক্ত বরাদ্দের আলাকে নিম্ন বর্ণিত ০৬ টি প্রকল্প বাস্তবায়ন করার জন্য সভায় সর্ব সম্মতিক্রমে সিদ্ধান্ত গৃতি হয়।

ইউনিয়ন পরিষদ উন্নয়ন তহবিলের বরাদ্দের ১ম কিস্তির গৃহিত বিবিজি প্রকল্প সমূহ নিম্নরুপঃ

| ক্রঃনং | গৃহিত প্রকল্পের নাম | বরাদ্দের পরিমান | স্কিমের ধরণ | ওয়ার্ড নং |
|---|---|---|---|---|
| ১ | রানীগঞ্জ ইউনিয়নে সরকারের উন্নয়ন কার্যক্রমের অগ্রযাত্রা (ইউনিয়ন উন্নয়ন পরিক্রমা) শীর্ষক তথ্যচিত্র তৈরী ও প্রচার | ১,২০,০০০/- | তথ্য প্রযুক্তি | ১-৯ |
| ২ | ৫নং ওয়ার্ডের গন্ধর্বপুর একলাছ মিয়ার বাড়ি হতে ফজলু মিয়ার বাড়ি পর্যন্ত রাস্তায় সিসি করন। | ৪,০৩,৮০০/- | যোগাযোগ | ০৫ |
| ৩ | ৪নং ওয়ার্ডের বাগময়না কমিউনিটি ক্লিনিকে আসবাবপত্র সরবরাহ | ২৫০০০/- | স্বাস্থ্য | |
| | মোট | ৫,৪৮,৮০০/- | | |
| | ইউনিয়ন পরিষদ উন্নয়ন তহবিলের বরাদ্দের ২য় কিস্তির গৃহিত বিবিজি প্রকল্প সমূহ নিম্নরুপঃ | | | |
| ১ | ২নং ওয়ার্ডের রৌয়াইল গ্রামের মংলা মিয়ার বাড়ি হতে ফিরুজ মিয়ার বাড়ি পর্যন্ত রাস্তায় সিসিকরন। | ২,০০,০০০/- | যোগাযোগ | ০২ |
| ২ | ৮নং ওয়ার্ডের টিয়ারগাঁও স্কুল হতে চাতলপাড় পর্যন্ত রাস্তায় সিসিকরন। | ২,০০,০০০/- | যোগাযোগ | ০৮ |
| ৩ | রানীগঞ্জ স:প্রা: বি: ছাত্রছাত্রীদের মধ্যে স্কুল ব্যাগ বিতরন | ১,৪৮,৮০০/- | শিক্ষা | ০৫ |
| | মোট | ৫,৪৮,৮০০/- | | |

৫নং আলোচ্যসুচীঃ

৫নং আলোচনাঃ- ৫নং আলোচ্যসূচীর আলোকে সভাপতি মহোদয় সভায় জানান যে, ২০২১-২০২২ইং অর্থবছরের অতিদরিদ্রের কর্মসংস্থান কর্মসূচী (৪০দিন) প্রকল্পের ১ম কিস্তি বাবদ ওয়েজ কষ্ট বাবদ ১৮,২৪,০০০/- (আঠারো লক্ষ চব্বিশ হাজার টাকা) এবং নন ওয়েজ কষ্ট বাবদ ৮৪,০০৩/- (চুরাশি হাজার)টাকা বরাদ্দ পাওয়া গিয়াছে। সভায় সভাপতি উপজেলা মহোদয়ের স্বক্ষরিত পত্রখানা উপস্থাপন করা হয়। সভাপতি এব্যাপারে সকলের আলোচনার পাশাপাশি মতামতও জানতে চান।

**সিদ্ধান্ত ঃ** উপস্থিত সদস্যদের মধ্যে বিশদ আলোচনার পর ২০২১-২০২২ইং অর্থবছরের অতিদরিদ্রের কর্মসংস্থান কর্মসূচী(৪০দিন) প্রকল্প ১ম কিস্তি বাবদ ওয়েজ কষ্ট বাবদ ১৮,২৪,০০০/- (আঠারো লক্ষ চব্বিশ হাজার টাকা) এবং নন ওয়েজ কষ্ট বাবদ ৮৪,০০৩/-(চুরাশি হাজার টাকা) বরাদ্ধ দিয়ে নিম্লিখিত প্রকল্প গ্রহন ও বাস্তবায়নের জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয় এবং সভাপতির মাধ্যমে কার্যবিবরনী সহ প্রকল্প তালিকা উর্দ্ধতন কর্তৃপক্ষের নিকট প্রেরনের সিদ্ধান্তও গৃহীত হয়।

২০২১-২০২২ইং অর্থবছরের অতিদরিদ্রের কর্মসংস্থান কর্মসূচী(৪০দিন) প্রকল্পের ১ম কিস্তির ওয়েজ কষ্ট প্রকল্প সমূহ

| ক্র:নং | প্রকল্পের নাম | কার্ড সংখ্যা | বরাদ্ধ | প্রকল্পের সভাপতি | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ০১ | ৫নং ওয়ার্ডের গন্ধর্বপুর গ্রামের নাছির মাষ্টারের বাড়ি হতে অনন্তগোলাম আলীপুরের ব্রীজ পর্যন্ত মাটির রাস্তা নির্মান। | ৫৫টি | ৬,২৪,০০০/- | মোছা:ইয়ারুন নেছা<br>ইউপি সদস্যা ৪,৫,৬ নং ওয়ার্ড<br>রানীগঞ্জ ইউপি।<br>মোবা নংঃ ০১৭৩১১১৯৫১৩ | |
| ০২ | ১নং ওয়ার্ডের জয়নগর গ্রামের মুন্না মিয়ার বাড়ি হতে গ্রামের ভিতরের ব্রীজ পর্যন্ত মাটির রাস্তা নির্মান। | ২৫টি | ৪,০০,০০০/- | মো: কওছর মিয়া<br>১নং ওয়ার্ড সদস্য<br>রানীগঞ্জ ইউপি।<br>মোবা নংঃ ০১৭৩৩৭৩৫০৮৪ | |
| ০৩ | ৫নং ওয়ার্ডের গন্ধর্বপুর গ্রামের ফজলু | ২৫টি | ৪,০০,০০০/- | মো: কাওছার মিয়া তালুকদার | |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | মিয়ার বাড়ির পশ্চিমকোনা হতে মাদ্রাসা পর্যন্ত মাটির রাস্তা নির্মান | | | ৫নং ওয়ার্ড সদস্য<br>রানীগঞ্জ ইউপি।<br>মোবা নংঃ ০১৭১২৬০৪৬৭৭ | |
| ০৪ | ৭নং ওয়ার্ডের শিবগঞ্জ টু রানীগঞ্জ রাস্তা হতে আজিমপুর গোপাটের রাস্তায় মাটি ভরাট | ২৫টি | ৪,০০,০০০/- | মো: মিলাদ মিয়া<br>৭নং ওয়ার্ড সদস্য<br>রানীগঞ্জ ইউপি।<br>মোবা নংঃ ০১৭১১১৭৩৪০৩ | |
| | সর্বমোট | ১১৪টি | ১৮,২৪,০০০/- | | |

## ২০২১-২০২২ইং অর্থবছরের অতিদরিদ্রের কর্মসংস্থান কর্মসূচী(৪০দিন) প্রকল্পের ১ম কিস্তির ওয়েজ কষ্ট প্রকল্প সমূহ

| ক্র:নং | প্রকল্পের নাম | বরাদ্ধ | প্রকল্পের সভাপতি | মন্তব্য |
|---|---|---|---|---|
| ০১ | ৬নং ওয়ার্ডের অনন্তগোলাম আলীপুর গ্রামের ছমির মিয়ার বাড়ির সামনে ১টি বক্স কালভার্ট নির্মান। | ৮৪,০০৩/- | মোছা:ইয়ারুন নেছা<br>ইউপি সদস্যা ৪,৫,৬ নং ওয়ার্ড<br>রানীগঞ্জ ইউপি।<br>মোবা নংঃ ০১৭৩১১১৯৫১৩ | |

অতঃপর আর কোন আলোচনা না থাকায় সভাপতি সাহেব উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শেষ করেন।

(শেখ মোঃ ছদরুল ইসলাম)
চেয়ারম্যান
রানীগঞ্জ ইউনিয়ন পরিষদ
জগন্নাথপুর,সুনামগঞ্জ

স্মারক নং-২০২২/ তারিখঃ- -০২-২০২২ খ্রিঃ

**অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ**

০১. উপজেলা নির্বাহী অফিসার, জগন্নাথপুর,সুনামগঞ্জ
০২-১৩. জনাব/জনাবা ........................................................ ইউপি সদস্য (সকল)।
১৪. ব্যবস্থাপক, সোনালী ব্যাংক লিঃ, জগন্নাথপর শাখা, সুনামগঞ্জ।
১৫. ব্যবস্থাপক, রুপালী ব্যাংক লিঃ, জগন্নাথপর শাখা, সুনামগঞ্জ
১৬. ব্যবস্থাপক,পুবালী ব্যাংক লিঃ, জগন্নাথপর শাখা, সুনামগঞ্জ
১৭. অফিস কপি/মাষ্টার কপি।

(শেখ মোঃ ছদরুল ইসলাম)
চেয়ারম্যান
রানীগঞ্জ ইউনিয়ন পরিষদ
জগন্নাথপুর,সুনামগঞ্জ